

College : Ramsaday College, Amta, Howrah

Content type : pdf

Dept. : Bengali

Teacher : Ranu Karmakar

Caption : BNG-A, CC-10, M-3

ছিন্নপত্র - রবীন্দ্রনাথ ঠাকুর

সৃষ্টির মধ্যেই সৃষ্টির আত্মপ্রকাশ : পুসঙ্গ ছিন্নপত্র

সমগ্র বিশুসাহিত্যে প্রায় দুর্লভ গুণে রবীন্দ্রনাথের ছিন্নপত্রাবলী। এই বইয়ের মধ্যেই আমরা খুঁজে পাই রবীন্দ্রনাথ নামক সমগ্র বিশ্বের বিষয় পুরুষটিকে। শুধু ছিন্নপত্রাবলীতেই নয় রবীন্দ্রনাথের কিপুল সাহিত্য সম্ভারের মধ্যেই রবীন্দ্র-পরিচয় অভিযুক্ত। কবি নিজেই বলেছেন **কবি তাঁর কাব্য রচনায় জীবনের দৈনন্দিন সুখ দুঃখের মধ্যে বা পান সেইটিকেই দৈনন্দিন পড়ীর থেকে পার করে নিষে চিরন্তনের সুরে তাকে বেঁধে দেন।** (মানসী কাব্যগুণ্ড ৪ ভূমিকা) চিরন্তন সুরে বাঁধা সত্যকে পাঠক গৃহণ তো করেই সেই সঙ্গে সৃষ্টিকেও খুঁজে নিতে চায়। সৃষ্টি অনেক সময় নিজের অজান্তেই তাঁর সৃষ্টির মধ্যে আত্মপ্রকাশ করেন, আবার নিজ পরিচয় আত্মজীবনীমূলক রচনায় ব্যক্ত করেন। রবীন্দ্রনাথ জীবনস্মৃতি, ছেলেবেলা ও আত্মপরিচয় গুণ্ডে নিজেকে যেভাবে প্রকাশ করেছেন তাতে তাঁর সম্পর্কে সবটুকু জানা যায় না। কবি নিজেও সে কথা বলেছেন --

**মানুষ আকারে বহু যে জন ঘরে
ভূমিতে নুটায় প্রতিনির্মমের ভবে
বাহারে কাঁপায় স্তম্ভনির্মমের জবে
কবিরে পাবে না তাহর জীবন চরিত্তে।**

অতএব কবিকে পেতে গেলে তাঁর ব্যক্তিত্ব জগৎই পাঠকের ভরসা।

সৃষ্টির ব্যক্তিত্ব সম্পদ ভায়েকি বা তাঁর একান্ত জোপন চিঠিপত্র ফোনো সৃষ্টি নিজেকে নিবিড় ভাবে উন্মুক্ত করে দেন। -- **কস্যবে জিনিসটা এজিত্তে বায় এবং পুবক্তে বে জিনিসটা কৃত্রিম হযে ওঠে, চিঠিতে সেইটে অতি সহজে আপনাকে ধরা দেয়া।** চিঠিই আত্মপ্রকাশের এবং নিজ মনের সাথে অন্য মনের মিলন সাধনের এক অকপট উন্মুক্ত মাধ্যম। তাই সৃষ্টি রবীন্দ্রনাথকে জানতে, তাঁর কবিজীবন ও ব্যক্তিত্ব জীবনের সান্নিধ্যে আসতে, তাঁর কবি মানসের অলিতে গলিতে প্রবেশ করতে তাঁর চিঠিপত্র বিশেষত ছিন্নপত্রাবলীর দ্বারস্থ হতেই হবে।

ছিন্নপত্রাবলী কবি কথিত জীবনকথা। নিজ আন্তর জীবনের নানা অন্তর্ভব ও উপলব্ধির কথা তিনি এখানে একান্তে বলেছেন। ছিন্নপত্র নামে পত্র হলেও তা আসলে রবীন্দ্রনাথের কবিসত্তা বিবর্তনের ইতিহাস। যা কবি নিজেই শুনিয়েছেন। কবি রবীন্দ্রনাথ, বরী রবীন্দ্রনাথ, দার্শনিক রবীন্দ্রনাথ, গৃহী রবীন্দ্রনাথ, তাঁর পুত্র, সৈন্য, তুমরা তথাবা সুকণ্ঠিন মানব জন্মের সাধনা, তাঁর তত্ত্ব জিজ্ঞাসু গান্ধীর্ষ কিম্বা জীবনরস উপভোগের হাস্যমুগ্ধতা, এক সহস্রদ্ব জন্মিদারের দায়বদ্ধতা

এবং এক শিল্পসত্তার নিয়ন্ত্র মুক্তির আকাঙ্ক্ষা -- সবই রয়েছে একসাথে ছিন্নপত্রো

ছিন্নপত্রাবলীর ছিন্নপাতাগুলির অনেক হারিয়ে গেলেও রবীন্দ্রনাথের সমগ্র সত্তার একটা ধারাবাহিক সম্পূর্ণতা পেতে আমাদের কোনো সমস্যা হয় না। বলা চলে **ছিন্নপত্রাবলী নানা রবীন্দ্রনাথের একবানি মাল্য**। ছিন্নপত্রাবলীর পত্রগুলির রচনাকাল ১৮৮৫ থেকে ১৮৯৫ খ্রীষ্টাব্দ। শিলাইদহ, সাজাদপুর, পতিসরে জমিদারি কার্যভার প্রাপ্ত রবীন্দ্রনাথ নিষ্ঠাভরে দায়িত্ব পালন করা কালীনসময়ের বিচিত্র অনুভব ও অভিজ্ঞতা পত্রের মধ্যে তুলে ধরেছেন। তাঁর এই বিচিত্র অভিজ্ঞতা ও উপলব্ধি সমৃদ্ধ পত্রের প্রাপক ছিলেন য়েহের ভ্রাতৃপুত্রী ইন্দিরাদেবী। যাকে তিনি বব বলে ডাকতেন। ছিন্নপত্রাবলী পুথানত সেইসব চিঠিরই সংকলন।